

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩২২.২০১৪.৩৩৪

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৬
১১ মার্চ ২০২০

বিষয় : করোনা ভাইরাস রোগীদের আইসোলেশনে রাখার জন্য হাসপাতাল প্রস্তুতকরণ।

সূত্র : স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক ৪৬.১১০.০২.০০.০০.২০২০-২৯৭, তারিখ: ১১ মার্চ ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে করোনা ভাইরাসের রোগী সনাক্ত হওয়ায় অন্যান্য দেশের ন্যায় এদেশে যাতে এ রোগ ছড়িয়ে পড়তে না পারে, সেজন্য সম্ভাব্য রোগীদের আইসোলেশনে রাখার জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন পরিচালিত 'ঢাকা মহানগর জেনারেল হাসপাতাল' ব্যবহারের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। এমতাবস্থায়, উক্ত হাসপাতালটি আগামী ২/১ দিনের মধ্যে খালি করে সম্ভাব্য ১৫০ (একশত পঞ্চাশ) রোগী আইসোলেশনে রাখার উপযোগী করে প্রস্তুত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। বিষয়টি অতীব জরুরি।

আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫

ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ.আ. বেগম শামীমা নাসরীন, উপসচিব (পার-১ অধিশাখা)]
- ২। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।